বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
www.bteb.gov.bd

স্মারক নং:- ৫৭.১৭.০০০০.৩০২.৩৩.০৩৩.২৬.২৫৪ তারিখ : ০৪ নভেম্বর ২০২৬ খ্রি.

এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা-২০২৬ (সাপ্লিমেন্টারি) এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ২০২৬ সালের এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা-ইন-কমার্স (সাপ্লিমেন্টারি) পরীক্ষার ফরম পূরণের কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। সাপ্লিমেন্টারি পরীক্ষার সময়সূচি পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

১. পরীক্ষার্থীর বিবরণঃ

- ২০২৬ সনে অনুষ্ঠিত এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় ১ (এক) বা ২(দুই) বিষয়ে অকৃতকার্য (চতুর্থ বিষয় ব্যতীত) হয়েছে শুধুমাত্র তারা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০২৬ সনে অনুষ্ঠিত ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার সাথে ১ম বর্ষের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে পরিপূরক পরীক্ষার্থী যারা ১ (এক) বা ২(দুই) বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে এক্ষেত্রে ১ম বর্ষ ও ২য় বর্ষ মিলে সর্বোচ্চ ২(দুই) বিষয় গণনা করা হবে।

পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্যতাঃ

- শিক্ষার্থীর বহিষ্কার সূত্রে আরোপিত শাস্তির মেয়াদ শেষ না হলে।
- দুইয়ের অধিক বিষয়ে যারা অকৃতকার্য হয়েছে।

২. পরীক্ষার্থীদের নিকট হতে আদায়যোগ্য ফি সমূহ:

পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি নিম্নরূপ হারে আদায় করতে হবে:

ক্রম.	বিবরণ	ফি এর পরিমাণ	মন্তব্য
ক.	পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী	৪০০/-(চারশত টাকা)	বোর্ডের প্রাপ্য ১০০%
খ.	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি	৮০/-(আশি টাকা)	বোর্ডের প্রাপ্য ১০০%
ঙ.	কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী	৪৫০/-(চারশত পঞ্চাশ টাকা)	কেন্দ্র প্রাপ্য ১০০%

- **পরীক্ষার্থীর নিকট হতে কোনভাবেই নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি গ্রহণ করা যাবে না। এ বিষয়ে সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া গেলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করা হবে।**
- ট্যাগ অফিসারদের সম্মানী ন্যূনতম ৩০০০/- ও অন্যান্য ব্যয় কেন্দ্র ফি থেকে বহন করতে হবে।
- আদায়কৃত কেন্দ্র ফি হতে প্রত্যেক প্রতিষ্ঠান ৫০ টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৪০০ টাকা পরীক্ষা কেন্দ্রের ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। বোর্ড হতে অব্যবহৃত উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজ সরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

৩. অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত তথ্য:

নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখ অনুযায়ী অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অবশ্যই সম্পন্ন করতে হবে।

ক্র: নং	বিবরণ	সময়কাল
১.	অনলাইনে ফরম পূরণ	০৫ নভেম্বর ২০২৬ খ্রি. হতে ০৯ নভেম্বর ২০২৬ খ্রি.
২.	সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা	১০ নভেম্বর ২০২৬ খ্রি.

- কোন অবস্থাতেই ছকে বর্ণিত তারিখের ব্যত্যয় ঘটানো যাবে না। ব্যত্যয় ঘটলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।
- ফরম পূরণের ফি জমা দেয়ার ক্ষেত্রে সোনালী সেবা Payment Getway (মোবাইল ব্যাংকিং/ব্যাংক একাউন্ট) অথবা Payment Slip ডাউনলোড করে যে কোন সোনালী ব্যাংকের কাউন্টারের মাধ্যমে জমা দেয়া যাবে।
- সোনালী ব্যাংকের সোনালী সেবার কপি ও পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ প্রিন্ট আউট কপি শিক্ষা প্রতিষ্ঠানকে সংরক্ষণ করতে হবে।

৪. প্রবেশপত্র সংশোধনী:

- সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বোর্ড নির্ধারিত তারিখে প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করবে। প্রবেশপত্র গ্রহণ করার পর তা ঠিক আছে কি না যাচাই করতে হবে। কোন ভুলত্রুটি থাকলে তা পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই নির্ধারিত ৫০০/- টাকা ফি প্রদান পূর্বক সংশোধন করে নিতে হবে।

৫. বিশেষ শর্তাবলী:

- অলিখিত উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র ব্যবহারের হিসাব (প্রতি দিবস/শিফট) একটি রেজিঃ খাতায় লিপিবদ্ধ করতে হবে। পরীক্ষায় ব্যবহৃত খালি ট্রাংক (দুটি তালা ও ছয়টি চাবি) চূড়ান্ত পরীক্ষা সমাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে বোর্ডের উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) বরাবর জমা দিতে হবে।
- **পরীক্ষা সমাপ্তির ২ (দুই) দিনের মধ্যে বোর্ডে হাজিরাশীটের মূলকপি রোলের ক্রমানুসারে সাজিয়ে বই আকারে বাধাঁই করে বোর্ডের বিএমটি শাখায় (ভবন-১ এর ১০ তলায়) জমা দিতে হবে।**
- অত্র বোর্ডের এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের জন্য প্রণীত শিক্ষা বর্ষপঞ্জির আলোকে উক্ত পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হল। এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের শিক্ষার্থীদের ফরম পূরণ ও **পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয়ে বিস্তারিত জানতে প্রয়োজনে বিএমটি শাখার ০১৩২২৮৩০০৩৩, ০১৩২২৮৩০০৩৪ অথবা ০২-৫৫০০৬৫২৯ নম্বরে যোগাযোগ করা যাবে।**

[বিঃদ্রঃ অন-লাইন সংক্রান্ত কার্যক্রম শেষ দিনে না করাই বাঞ্চনীয়। পরীক্ষার সময়সূচী, প্রবেশপত্র অনলাইন থেকে ডাউনলোড করে প্রিন্ট করা (প্রতিষ্ঠান করবে), পরীক্ষার উত্তরপত্র এবং প্রয়োজনীয় ডকুমেন্টস বোর্ড হতে গ্রহণ করার তারিখ পরবর্তীতে বোর্ডের ওয়েব সাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।]

০৪/১১/২৬
(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

স্মারক নং:- ৫৭.১৭.০০০০.৩০২.৩৩.০৩৩.২৬.২৫৪(১৮)

তারিখ : ০৪ নভেম্বর ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা
৩. বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জেলা প্রশাসক, সকল জেলা।
৫. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
৬. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান।
৭. উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপপরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. উপপরিদর্শক (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. কারিকুলাম বিশেষজ্ঞ (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রণ (বিতরণ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. ডকুমেন্টশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮. সংশ্লিষ্ট নথি।

০৪/১১/২০২৬
(মোঃ আবুল হোসেন)
উপপরীক্ষা নিয়ন্ত্রক (অ. দা.)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ফোন: ০২-৫৫০০৬৫২৯